

আন্তঃবন্ড স্থানান্তর হল ২টি বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে এক বন্ডেড ওয়্যার হাউস থেকে অন্য বন্ডেড ওয়্যার হাউসে স্থানান্তর করা। আন্তঃবন্ড স্থানান্তর ২ ধরনের। যথা ঃ (ক) স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর ও (খ) অস্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর।

এ দপ্তরের স্থায়ী আদেশ নং- ১/২০০৯ তারিখ: ১৩/১০/২০০৯ এর অনুচ্ছেদ ৫ ও ৬ অনুযায়ী আন্তঃবন্ড স্থানান্তরের জন্য নিম্নলিখিত দলিলাদি দাখিল করতে হবে।

(১) স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের জন্য ঃ-

- (ক) যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র;
- (খ) কাঁচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল আমদানির দলিলাদি, যেমন ব্যাক টু ব্যাক এলসি, ইনভয়েস, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালানের কপি, বি/ই, ইউডিডির কপি;
- (গ) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র;
- (ঘ) কাঁচামাল গ্রহণকারী প্রতিষ্ঠানের এলসি/সেলস কন্ট্রাষ্ট, ব্যাক টু ব্যাক এলসি, প্রোফরমা ইনভয়েস, ইউডি, ক্রয় আদেশের কপি।
- (ঙ) স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা;
- (চ) বিজিএমইএ/বিকেএমইএ এর সুপারিশ; এবং
- (ছ) স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব আন্তঃবন্ড গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের রিস্কবন্ড।

(২) অস্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের জন্য ঃ -

- (ক) কি কারণে কাঁচামাল সাময়িক স্থানান্তরিত হবে তার বিস্তারিত বিবরণ সম্বলিত আবেদনপত্র;
- (খ) কাঁচামাল স্থানান্তর বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত চুক্তিনামা;
- (গ) বেপজার অনুমোদনপত্র (ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে);
- (ঘ) স্থানান্তরকারী বন্ড প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষতি সাধন হলে তার দায় দায়িত্ব বহনের লক্ষ্যে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা;
- (ঙ) কাঁচামালের নমুনা; এবং
- (চ) স্থানান্তর গ্রহণকারী প্রতিষ্ঠানের পণ্য উৎপাদনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার ঘোষণা (চার্জ প্রদানের), এলসি, প্রোফরমা ইনভয়েস।

আন্তঃবন্ড
স্থানান্তর কি ?
আন্তঃবন্ড স্থানান্তরের জন্য
প্রয়োজনীয় দলিলাদি
কি কি ?